দৈনিক সংবাদ

তারিখ ... MAY. 1 2 1999
পৃষ্ঠা 2 কলাম ৫

135

# বিরোধীদলের কর্মসূচিতে প্রাথমিক শিক্ষকরা যোগ দিবেন না

বাংলাদেশ সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির এক সভা সম্প্রতি মিরপুর ১৩ নম্বর শিক্ষক ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ শরীফ উদ্দিন খান। এতে বক্তব্য রাখেন মহা-সম্পাদক মোঃ আলমগীর হোসেন, সহ-সভাপতি হারিসুল হক, সুরাইয়া বেগম, মনির হোসেন, শহিদুল ইসলাম, শাহ কামাল প্রমুখ। সভায় বিরোধীদলের আগামী ১৫, ১৬ ও ১৭ই মের কর্মসূচির সঙ্গে সরকারি প্রাথমিক শিক্ষকরা জড়িত নয় বলে দাবি করা হয় এবং শিক্ষকদের যথারীতি তাদের দায়িত্ব পালন করার আহ্বান জানানো হয়। সভায় তথাকথিত আজাদ গংদের প্রচারণামূলক কর্মকান্ডের সঙ্গে সরকারি প্রাথমিক শিক্ষক সমাজ জড়িত নয় বলে অভিমত প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি।